# ALL INDIA RADIO, SILCHAR

*************

## EVENING BULLETIN : BENGALI

## Date: - 02-07-2024

## *Time: 19:45-19:55 Hrs*

---------------------------------------

১) দেশের জনসাধারণ বিজেপি সরকারের দূর্নীতির বিরুদ্ধে শূণ্য সহনশীলতার নীতিকে সমর্থন করে লোকসভা নির্বাচনে এই সরকারকে পুনরায় নির্বাচিত করেছে বলে রাষ্ট্রপতির ভাষণের ধন্যবাদ সূচক প্রস্তাব সম্পর্কীত আলোচনার উত্তরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সংসদের উভয় সভার বৈঠকে প্রকাশ ।

২) লোকসভায় আজ আসামের বন্যা পরিস্থিতির প্রসঙ্গ উত্থাপন ।সাংসদ বীরেন্দ্র প্রসাদ বৈশ্য এবং গৌরব গগৈর রাজ্যের বন্যা পরিস্থিতির বিষয়ে গুরুত্ব প্রদান করতে কেন্দ্রীয় সরকারের প্রতি আহ্বান ।

৩) রাজ্যের বেশ কয়েকটি জেলায় বন্যা পরিস্থিতির জটিল রূপ ধারণ ।২০ টি জেলার ৬ লক্ষেরও অধিক লোক বন্যার কবলে ।

৪) বরাক উপত্যকার সবকটি নদীর জল জলস্তর বৃদ্ধি । উধারবন্দ বিধানসভা এলাকার চৈলতাকান্দিতে একটি বাসগৃহের দেয়াল ধ্বসে পড়ায় ছয়মাসের একটি শিশু সহ এক ব্যাক্তির মৃত্যু ।

এবং

৫) বন্যা পরিস্থিতির পরিপ্রেক্ষিতে আসাম উচ্চতর মাধ্যমিক শিক্ষা পরিষদের আগামীকাল থেকে আরম্ভ হওয়া রাজ্য মুক্ত বিদ্যালয়ের উচ্চতর মাধ্যমিক পর্যায়ের পরীক্ষা স্থগিত ।

----------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সংসদের উভয় সভার যৌথ বৈঠকে রাষ্ট্রপতি প্রদত্ত ভাষণের প্রতি ধন্যবাদসূচক প্রস্তাব সম্পর্কীত আলোচনার উত্তর দেন । তাঁর সরকার প্রথম নীতিতে পরিচালিত একমাত্র দেশ বলে উল্লেখ করে শ্রী মোদী বলেন যে দেশের জনসাধারণ বিজেপি সরকারের দূর্নীতির বিরুদ্ধে শূণ্য সহনশীলতার নীতিকে সমর্থন করে লোকসভা নির্বাচনে এই সরকারকে পুনরায় নির্বাচিত করেছে । প্রধানমন্ত্রী আগামীকাল রাজ্যসভাকে সম্বোধন করবেন ।

এদিকে লোকসভায় ধন্যবাদসূচক প্রস্তাব সম্পর্কীত আলোচনায় অংশ নিয়ে সমাজবাদী পার্টীর অখিলেশ যাদব আজ বলেন যে বর্তমান সরকারের নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা নেই এবং আই এন ডি এ মিত্রজোটের জন্য এটি বিজয়স্বরূপ । যোরহাটের কংগ্রেসের সাংসদ গৌরব গগৈ রাজ্যের বন্যা পরিস্থিতির কথা উল্লেখ করে কেন্দ্রীয় সরকারকে এন ডি আর এফ বাহিনীর  সহায়তা প্রদান করার আহ্বান জানান ।

রাজ্যসভায়ও রাষ্ট্রপতির ভাষণের প্রতি ধন্যবাদসূচক প্রস্তাব সম্পর্কে আলোচনা অনুষ্ঠিত হয় । আলোচনায় অংশগ্রহণ করে অসম গণ পরিষদের বীরেন্দ্র বৈশ্য আসামের ছটি জনগোষ্ঠীকে অনুসূচিত জনজাতির তালিকায় অর্ন্তভুক্ত করার বিষয়টি উত্থাপন করেন । সেইসঙ্গে তিনি বন্যা ও ভূমি ধ্বসকে জাতীয় সমস্যা হিসেবে ঘোষণা করার দাবী জানান । রাজ্যে অবৈধ অনুপ্রবেশকারীর বিষয় নিয়ে মন্তব্য করে তিনি রাজ্যের স্থানীয় জনসাদারণের পরিচয় সুরক্ষিত করার জন্য পদক্ষেপ গ্রহণের আবশ্যকতার ওপর গুরুত্ব আরোপ করেন ।

----------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এন ডি এ সাংসদদের সংসদের নিয়ম মেনে চলার , সংসদীয় সিদ্ধান্ত বজায় রাখার এবং ভালো ব্যাবহার প্রদর্শন করার আহ্বান

জানিয়েছেন  নতুন সরকার গঠন হবার পর এন ডি এর সংসদীয় দলের প্রথম বৈঠকে সম্বোধন করে শ্রী মোদী একথা জানান । বৈঠকের শেষে সাংবাদিকদের সঙ্গে কথাবার্তা বলার সময় সংসদীয়-পরিক্রমা মন্ত্রী কিরেণ রিজিজু বলেন যে প্রধানমন্ত্রী এন ডি এর সব সাংসদদের ভালো ব্যাবহার প্রদর্শন করতে বলেছেন । শ্রী রিজিজু বলেন যে বৈঠকে প্রধানমন্ত্রী দল নির্বিশেষে প্রত্যেক সাংসদকে দেশের সেবার জন্য নির্বাচিত করা হয়েছে এবং দেশের সেবাই তাঁদের সব থেকে বড়ো দায়িত্ব বলে মন্তব্য করেছেন । সেইসঙ্গে প্রধানমন্ত্রী জল , পরিবেশ এবং সামাজিক ক্ষেত্রের মতো নজ নিজ আগ্রহের বিষয়ে বিশেষ দক্ষতা আহোরণ করতে সাংসদদের উৎসাহিত করেন ।শ্রী মোদী প্রত্যেক সাংসদকে তাঁদের পরিবারের সদস্যদের প্রধানমন্ত্রী সংগ্রহালয় পরিদর্শন করানোর আহ্বান জানান । এর পূর্বে এন ডি এর নেতা তথা সদস্যরা শ্রীমোদীকে একটানা তৃতীয়বারের মতো প্রধানমন্ত্রী হিসেবে কার্যভার গ্রহণের জন্য সম্বর্ধনা জ্ঞাপন করেন ।

----------------------------------------------------------------------------

রাজ্যে গত কয়েকদিনের ভারী বৃষ্টিপাতের ফলে বন্যা পরিস্থিতি শোচনীয় হয়ে পড়েছে । এবারের বন্যায় রাজ্যের ২০ টি জেলার ৬ লক্ষ ৪০ হাজারের ও বেশী লোক ক্ষতিগ্রস্থ হয়েছেন ।গত ২৪ ঘন্টায় ধেমাজী এবং তিনশুকিয়া জেলায় দুজনের মৃত্যু হওয়ায় এবারের বন্যায় মৃতের সংখ্যা বৃদ্ধি পেয়ে ৩৬ হয়েছে ।অন্যদিকে গোলাঘাট জেলার একজন লোক সন্ধানহীন রয়েছে ।আকাশবাণীর সংবাদদাতা জানিয়েছেন যে গত কয়েকদিনের ভারী বৃষ্টিপাত ও অরুণাচল প্রদেশের লোয়ার সুবনসিরি ড্যাম থেকে অতিরিক্ত জল ছাড়ায় রাজ্যের বন্যা পরিস্থিতি জটিল রূপ ধারণ করেছে ।বায়ু সেনা জওয়ানরা ডিব্রুগড় জেলার হাতিয়ালি চর এলাকা থেকে ১৩ জন মৎস্যজীবিকে উদ্ধার করেছে ।এদিকে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা বন্যা পরিস্থিতির খতিয়ে দেখতে আজ গোলাঘাট জেলায় উপস্থিত হয়েছেন ।মুখ্যমন্ত্রী বোকাখাতের বন্যা প্লাবিত অঞ্চল সমুহ পরিদর্শন করে ক্ষতিগ্রস্থ লোকেদের সাহায্য সুনিশ্চিত করার ক্ষেত্রে সরকার কাজ করে যাচ্ছে বলে মন্তব্য করেন ।  মন্ত্রী কেশব মহন্ত আজ কলিয়াবরের বন্যা পরিস্থিতি পর্যালোচনা করার উদ্দেশ্যে এক জরুরী বৈঠকে

মিলিত হন । যোরহাটে ব্রহ্মপুত্র বিপদ সীমা অতিক্রম করেছে ।শিবসাগর জেলায়ও প্রায় সবকটি নদীর জলস্তর বৃদ্ধি পাচ্ছে ।জেলা প্রশাসন সমুহ যুদ্ধকালীন তৎপরতায় উদ্ধার অভিযান অব্যাহত রেখেছে । এন ডি আর এফ এবং এস ডি আর এফ বন্যা প্লাবিত অঞ্চলগুলি থেকে মহিলা ও শিশুদের নিরাপদ স্থানে নিয়ে যাওয়ার ব্যবস্থা করেছে ।

এদিকে অরুণাচল প্রদেশে গত কয়েকদিনের ভারী বৃষ্টিপাতের ফলে জনজীবন ব্যহত হয়ে পড়েছে । বিভিন্ন স্থানে ভূমি ধসের ফলে যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হয়ে পড়েছে ।আপার সিয়াং জেলার পাশিঘাট - য়িংকিয়ং সড়কে ধস পড়ার ফলে গত ৩০ শে জুন থেকে ওই সড়ক সম্পূর্ণ যোগাযোগ বিচ্ছিন্ন রয়েছে ।

---------------------------------------------------------------------------

এদিকে বরাক উপত্যাকার তিন জেলায় অবিরাম বৃষ্টিপাতের ফলে সবকটি নদীর জলস্তর বৃদ্ধি পাচ্ছে । অন্নপূর্ণা ঘাটে আজ সন্ধ্যা ৭টায় বরাক নদীর জল বিপদ সূচক চিহ্নের ১ সেন্টিমিটার নীচে প্রবাহিত হচ্ছে । এখানে নদীর বিপদসূচক চিহ্ন হচ্ছে ১৯ দশমিক ৮৩ মিটার ।কেন্দ্রীয় জল আয়োগ সূত্রে জানানো হয়েছে যে সন্ধ্যা ৬ টায় মাটিজুড়িতে কাটাখাল নদী বিপদসূচক চিহ্নের ১ মিটার ২৩ সেন্টিমিটার ওপরে প্রবাহিত হচ্ছে ।এখানে নদীর বিপদসূচক চিহ্ন হচ্ছে ২০ দশমিক ২৭ মিটার । করিমগঞ্জে কুশিয়ারা নদী বিপদসূচক চিহ্নের ৯৭ সেন্টিমিটার ওপরে প্রবাহিত হচ্ছে । এখানে নদীর বিপদসূচক চিহ্ন হচ্ছে ১৪ দশমিক ৯৪ মিটার ।ঘারমোড়ায় ধলেশ্বরী নদী বিপদসূচক চিহ্নের ৩ মিটার ১৯ সেন্টিমিটার ওপরে প্রবাহিত হচ্ছে ।এখানে নদীর বিপদসূচক চিহ্ন হচ্ছে ২৮ দশমিক ০৫ মিটার ।

---------------------------------------------------------------------------

গত কয়েকদিন থেকে ধারাবাহিক বৃষ্টিপাতের ফলে কাছাড় জেলার উধারবন্দ বিধানসভা এলাকার চইলতাকান্দিতে আজ ভোরে একটি বাসগৃহের দেয়াল ধ্বসে পড়ায় একটি ছ'মাসের শিশু ও তার পিতার মৃত্যু হয়েছে ।আকাশবাণীর হাইলাকান্দি সংবাদদাতা জানিয়েছেন যে আজ ভোরে চইলতাকান্দি এলাকায় একটি বাসগৃহের দেয়াল ধ্বসে পড়ায় ওই ঘরে বসবাসরত শিশু ও মহিলা সহ

৯ জনের পরিবারের সব সদস্য মাটির নীচে চাপা পড়ে ।এই ঘটনায় ৬ মাসের শিশু আশিফ উদ্দিন ও তার পিতা আজির উদ্দিনের ঘটনাস্থলে মৃত্যু হয় এবং পরিবারের অন্যান্য সদস্যরা আহত হন ।স্থানীয় লোকেরা পরিবারের অন্যান্য সদস্যদের উদ্ধার করতে সক্ষম হয় ।পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়ে মৃতদেহ উদ্ধার করে মরণোত্তর পরীক্ষার জন্য শিলচর মেডিক্যাল কলেজে প্রেরণ করে ।

---------------------------------------------------------------------------

রাজ্যের বেশ কয়েকটি জেলা বন্যার কবলে পড়ার পরিপ্রেক্ষিতে আসাম উচ্চতর মাধ্যমিক শিক্ষা পরিষদ আগামী কাল থেকে অনুষ্ঠেয় রাজ্য মুক্ত বিদ্যালয়ের উচ্চতর মাধ্যমিক পর্যায়ের পরীক্ষা স্থগিত রেখেছে ।পরিষদের সচিবের পক্ষ থেকে জারি করা এক নির্দেশে বলা হয়েছে যে বন্যা পরিস্থিতি উন্নত হওয়ার পর নতুনকরে পরীক্ষা অনুষ্ঠিত করা হবে ।

---------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার আয়ুক্ত নিসর্গ হিভারে গৌতম জেলার সব নদীতে জলস্তর বৃদ্ধি পাওয়ায় সম্ভাব্য বন্যা মোকাবিলায় সরকারি বিভাগগুলিকে তাদের আগাম প্রস্তুতি নিয়ে রাখতে নির্দেশ দিয়েছেন । জেলার প্রশাসনিক আধিকারিকদের সঙ্গে আজ অনুষ্ঠিত বৈঠকে জেলা আয়ুক্ত শ্রী হিভারে শ্রমিক ও বালুর বস্তা প্রস্তুত করে রাখা সহ বন্যাক্রান্তরা যাতে দ্রুত ত্রাণ লাভ করেন সে বিষয়ে ব্যাবস্থা গ্রহণের জন্য সার্কেল অফিসারদের নির্দেশ দিয়েছেন । এছাড়া বিগত বন্যায় ৪ জন লোকের মৃত্যু হবার পরিপ্রেক্ষিতে বন্যার জলে নেমে মাছ ধরা ,ভেসে আসা বাঁশ ধরা ,জলকেলি খেলা ইত্যাদি না করতে জনসাধারণের প্রতি আহ্বান জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------

শিলচর মহিলা কলেজ ও কাছাড় কলেজের ছাত্র-ছাত্রীরা ভর্তির দাবীতে আজ জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সামনে বিক্ষোভ প্রর্দশন করে । ছাত্র ছাত্রীদের পক্ষ থেকে অভিযোগ করা হয় যে নিজ নিজ কলেজ থেকে উচ্চ মাধ্যমিক পাশ করলেও ওই কলেজে স্নাতকস্তরে তাদের ভর্তির সুযোগ দেওয়া হচ্ছে না । পরে ছাত্র-ছাত্রীদের পক্ষ থেকে জেলা প্রশাসনকে আগামী দুদিনের মধ্যে ছাত্র ভর্তির সমস্যা সমাধানের দাবী জানানো হয় ।

---

শিলচর জেলা বার সংস্থার সার্ধশতবর্ষ উদযাপনের অঙ্গ হিসেবে আগামী ১০ জুলাই ভারতীয় সংবিধানের মর্যাদা অক্ষুন্ন রাখতে অধিবক্তা এবং বিচার বিভাগের ভূমিকা শীর্ষক একটি সেমিনারের আয়োজন করা হয়েছে । গৌহাটী হাইকোর্টের বিচারপতি সুমন শ্যাম, হাইকোর্টের প্রবীণ আইনজীবি হাফিজ রশিদ আহমেদ চৌধুরী এবং সুভাষ বিশ্বাস ওইদিন বেলা সাড়ে ১১ টায় বার সংস্থার ভবনে অনুষ্ঠেয় আলোচনায় অংশগ্রহণ করবেন । জেলা বার সংস্থার সম্পাদক নীলাদ্রি রায় জানিয়েছেন যে ইতিমধ্যে করিমগঞ্জের দুটি বার সংস্থা এবং হাইলাকান্দি বার সংস্থার সদস্যদের এই সেমিনারে যোগ দেবার জন্য আমন্ত্রণ জানানো হয়েছে ।এছাড়া আসাম বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগ সহ এ কে চন্দ ল' কলেজ এবং করিমগঞ্জ ল' কলেজের ছাত্র ছাত্রী ও শিক্ষক শিক্ষিকাদেরও আমন্ত্রণ জানানো হয়েছে ।

উল্লেখ্য বিগত ১১ জানুয়ারী শিলচর জেলা বার সংস্থা সাংস্কৃতিক শোভাযাত্রার মাধ্যমে সার্ধশতবর্ষ পালনের সূচনা করেছিলো ।এরপর আইনজীবীদের ক্রীড়া প্রতিযোগীতা ,শহীদ দিবসে রক্তদান শিবির অনুষ্ঠিত হয় । আগামী সেপ্টেম্বর মাসে সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে সার্ধশতবর্ষ উদযাপন অনুষ্ঠানের সমাপ্তি হবে ।

---

কাছাড়ের জেলা পরিবহন আধিকারীক আসাম সরকারের যানবাহন স্ক্র্যাপেজ নীতি -২০২২ এর সুবিধা গ্রহণের জন্য পুরোনো এবং অযোগ্য যানবাহনের মালিকদের আহ্বান জানিয়েছেন । উল্লেখ্য যানবাহন স্ক্র্যাপিং নীতির উদ্দেশ্যে হচ্ছে-আর্থিক সহায়তা প্রদানের মাধ্যমে যানবাহন মালিকদের বোঝা লাঘব করা । এই সুবিধা আগামী ৩১ শে মার্চ ২০২৫ পর্যন্ত কার্যকর থাকবে । বিশদ বিবরন জেলা পরিবহন আধিকারীকের কার্য্যলয়ে পাওয়া যাবে ।

---